REG. NO. C 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৯শে কার্ত্তিক বুধবার ১৩৪৬ ইংরাজী 15th November 1939 | ২৫শ সংখ্যা

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় [illegible]লামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সস্তর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৸৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

বাঙলার ও বাঙালীর নিজস্ব প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

নূতন বীমা
( ১৯৩৭-৩৮ )

৩ কোটি টাকার উপর

—বোনাস—

| প্রতি বৎসর | প্রতি হাজারে |
|---|---|
| মেয়াদী বীমায় ১৮৲ | আজীবন বীমায় ১৫৲ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চলতি বীমা | … | ১৪ কোটি | ৬০ লক্ষের | উপর |
| বীমা তহবিল | … | ২ ,, | ৬৭ লক্ষের | ,, |
| মোট সংস্থান | … | ২ ,, | ৯৭ ,, | ,, |
| প্রিমিয়াম আয় | … | … | … ৬৯ ,, | ,, |
| দাবী শোধ | … | ১ কোটি | ৬০ ,, | ,, |

হেড আফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

সাব অফিস :—কৃষ্ণনগর, নদীয়া।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশ সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৹

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

ব্রজশশী

## আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।

( স্থাপিত—সন ১৩৩২ সাল )

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৯শে কার্ত্তিক বুধবার সন ১৩৪৬ সাল

## কালীপূজা

এখানে শ্রীশ্রী৺কালীমাতার পূজা নির্ব্বিঘ্নে সুসম্পন্ন হইয়াছে। নিরঞ্জনের রাত্রিতে অনেকগুলি প্রতিমা শোভাযাত্রা সহকারে সহর প্রদক্ষিণ করিয়াছে।

---

## অন্নকুট উৎসব ও দরিদ্রনারায়ণ সেবা

নিমতিতার জমিদার বাবুদের কুলদেবতা শ্রীশ্রীগোবিন্দ দেব ঠাকুরের অন্নকূটযাত্রা উৎসব গত ২৬শে কার্ত্তিক নিমতিতায় সুসম্পন্ন হইয়াছে। এই উপলক্ষে নিমন্ত্রিত ভদ্রমহোদয়গণ ও সমাগত ৫০০ শত দরিদ্র নরনারায়ণকে অন্যবারের ন্যায় পরিতোষ সহকারে ভোজন করান হইয়াছে।

---

## গোবর্দ্ধন যাত্রা উৎসব

জঙ্গিপুরের শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেব ঠাকুরের গোবর্দ্ধনযাত্রা উৎসব সেবাইত জমিদারগণ কর্ত্তৃক সুসম্পন্ন হইয়াছে। অন্যান্য বৎসরের ন্যায় এবারেও উৎসব ক্ষেত্রে বহু লোকের সমাগম হইয়াছিল।

---

## শ্রাদ্ধ

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত জরুর গ্রামের বিখ্যাত রায় পরিবারের স্বর্গীয় শশিভূষণ রায় মহাশয়ের সহধর্ম্মিনী মাত্র তিন মাসকাল পতি-বিয়োগ-ব্যথা সহ্য করিয়া গত ১৬ই কার্ত্তিক পরলোক গমন করিয়াছেন। তাঁহার পুত্রগণ বাবু অশ্বিনীকুমার রায় ও কবিরাজ রোহিণীকুমার রায় মহাশয় গত ২৬শে কার্ত্তিক শ্রাদ্ধাদি ক্রিয়া সম্পন্ন করিয়াছেন। ভগবান তাঁহার পরলোকগত আত্মার কল্যাণ বিধান করুন।

---

## ঈদ পর্ব্ব

স্থানীয় মুসলমান অধিবাসিগণ পবিত্র রমজানের পর ঈদ পর্ব্ব নির্ব্বিঘ্নে সুসম্পন্ন করিয়াছেন। নমাজের নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে সকলে নানা প্রকার পোষাক পরিচ্ছদে সজ্জিত হইয়া বিভিন্ন মসজিদ অভিমুখে গমন করিয়াছিলেন।

---

## হোমিওপ্যাথিকের আশ্চর্য্য ক্রিয়া

রঘুনাথগঞ্জ সহরের নিকটবর্ত্তী গোপালনগর গ্রামের শ্রীঅমৃতলাল ঘোষের দৌহিত্র ভূমিষ্ঠ হওয়ার পর প্রায় ১৭ দিন পর্য্যন্ত ক্রন্দন বা কোন প্রকার শব্দ করে নাই। ইহা ছাড়া শিশুর উর্দ্ধশ্বাসও হইত। ২।৩ দিন অন্তর অল্প পরিমাণে মলত্যাগ করিত। শিশুর জীবনের আশা কেহই করে নাই। স্থানীয় হোমিওপ্যাথিক ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস মহাশয়ের চিকিৎসায় শিশুটী বাঁচিয়া গিয়াছে। এখন শিশুটির বয়স ৩ মাস।

---

## মির্জ্জাপুরে আয়ুর্ব্বেদীয় ঔষধালয়

রেশম বস্ত্রের জন্য বিখ্যাত মির্জ্জাপুর গ্রামের গোয়ালপাড়ায় স্থানীয় প্রবীণ কবিরাজ শ্রীযুক্ত শ্রীপতিমোহন সেনগুপ্ত মহাশয়ের মধ্যম পুত্র কবিরাজ শ্রীমান্ সাকেতচন্দ্র সেনগুপ্ত একটী ঔষধালয় খুলিয়াছেন। ইতিমধ্যেই শ্রীমানের চিকিৎসার সুনাম হইয়াছে। তিনি গরীব দুঃখী রোগিদিগকে যথাসম্ভব সুলভে ঔষধ দিয়া থাকেন। আমরা তাঁহার ক্রমোন্নতি কামনা করি।

---

## রাজপথে মৃত শিশু

সম্প্রতি একদিন প্রাতঃকালে বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীটে (কলেজ স্কোয়ার) সংস্কৃত কলেজের সম্মুখে ফুটপাথের উপর একটী নবজাত শিশুর মৃতদেহ দেখিতে পাওয়া যায়। আমহার্ষ্ট ষ্ট্রীট থানার পুলীশ এই সম্পর্কে তদন্ত করিতেছে।

---

## নবজাত শিশুর মৃতদেহ

ভিক্টোরিয়া মেমোরিয়ালের পশ্চিমদিকস্থ একটী নালায় গত ১লা কার্ত্তিক বুধবার প্রাতে একটী নবজাত শিশুকন্যাকে মৃতাবস্থায় পাওয়া যায়। মেয়েটির নাকে ও মুখে কাপড় গোঁজা ছিল। পুলীশ মেয়েটীকে মর্গে পাঠাইয়া দেয়; ময়না তদন্তের ফলে জানা যায় যে, দম আটকাইয়া যাওয়ায় মেয়েটীর মৃত্যু হইয়াছে। কাহার মেয়ে, তাহা এখনও জানা যায় নাই।

---

## বড়লাট বাহাদুরের কন্যার বিবাহ

গত ৬ই নভেম্বর বেলা ২টা ১৫ মিনিটের সময় দিল্লীর রিডেম্পশন গীর্জ্জায় বড়লাট বাহাদুরের এডিকং ও রাজকীয় নৌবহরের লেফ্‌টেনান্ট পি, এইচ, জে, সাউথবীর সহিত বড়লাট বাহাদুরের জ্যেষ্ঠা কন্যা লেডী এন, হোপের বিবাহ হইয়া গিয়াছে। এই বিবাহ উপলক্ষে বড়লাট বাহাদুর ভারতীয় প্রথানুযায়ী পাঁচ হাজার কাঙ্গালী ভোজনের ব্যবস্থা করিয়াছিলেন।

---

## ১২৫ বৎসর বয়সে মৃত্যু

মিঃ গৌরাঙ্গ সিংহের পিতা ১২৫ বৎসর বয়সে পরলোক গমন করিয়াছেন। গৌর সিং বর্ত্তমানে কেনিয়ায় অবস্থান করিতেছেন। প্রকাশ, মৃত ব্যক্তি গত ৬৫ বৎসর যাবৎ ভারত গবর্ণমেণ্টের নিকট হইতে পেন্সন ভোগ করিতেছিলেন। পঞ্জাব প্রদেশে এরূপ দীর্ঘকাল ধরিয়া আর কেহ সরকারী পেন্সন ভোগ করেন নাই।

---

## মাজদিয়া ট্রেণ দুর্ঘটনার জের

ঢাকা-পাটগ্রাম হইতে এক ব্যক্তি জানাইয়াছেন,—নিকটবর্ত্তী গ্রামের একজন মুসলমান দপ্তরী মাজদিয়া ট্রেণ দুর্ঘটনায় মারা গিয়াছে। সে কলিকাতায় একটী বই বাঁধাইবার কারখানায় কাজ করিত। রেল কোম্পানীর পক্ষ হইতে একজন কর্ম্মচারী আসিয়া উক্ত দপ্তরীর আত্মীয়স্বজনের সহিত আলাপ-আলোচনা করিয়া তাহার মৃত্যুর ক্ষতিপূরণ বাবত ৫৫০০৲ টাকা দেওয়া হইবে বলিয়া রফা করিয়া গিয়াছেন। রেলওয়ে বোর্ড কর্ত্তৃক অনুমোদিত হইলেই দপ্তরীর উত্তরাধিকারীগণকে এই টাকা দেওয়া হইবে।

---

## সন্তরণার্থী বালকের শোচনীয় মৃত্যু

গত লক্ষ্মীপূজার দিন বেলা ১১টার সময় 'বারাকপুর ষষ্ঠীতলা'র জীবন বন্দ্যোপাধ্যায় নামে স্থানীয় গবর্ণমেণ্ট স্কুলের ৮ম শ্রেণীর জনৈক ছাত্র স্কুলের নিকটবর্ত্তী লাটবাগানের ঘাটে গঙ্গায় সাঁতার কাটিতে কাটিতে মাঝিদের জালের মধ্যে পড়িয়া অতি শোচনীয়ভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছে। বালকের আত্মীয় জনৈক যুবক ঐ সঙ্গে সাঁতার কাটিতেছিলেন; তিনিও অনুরূপ অবস্থায় পড়িয়া জালের দড়ি ধরিয়া কোন প্রকারে আত্মরক্ষা করেন এবং তীরে উঠিয়া অপর কয়েকজন লোককে লইয়া মাঝিদের কাছে উক্ত আকস্মিক দুর্ঘটনার কথা বলেন। তিনি হাতে-পায়ে ধরিয়া শীঘ্র করিয়া জাল তুলিতে মাঝিদের অনুরোধ জানান। কিন্তু মাঝিরা তাহার কথায় কাণ না দেওয়ায় তাহাদের মধ্যে কয়েকজন দৌড়িয়া 'আনন্দ-কুটীর' হইতে কয়েকজন ভদ্রলোককে ডাকিয়া আনেন। তাঁহারা ছুটিয়া আসিয়াই জাল তুলিতে থাকেন। ইহাতে আধ ঘণ্টা কাটিয়া যায়। জাল তুলিয়া দেখা যায় যে, বালকটী মারা গিয়াছে।

---

## মিঠাই লুঠের পরিণাম

ঢাকা হইতে সংবাদদাতা লিখিয়াছেন,—সহরের বুকের উপর অবস্থিত এক হিন্দু মিঠাইওয়ালার দোকান হইতে একদল মুসলমান জোর করিয়া মিঠাই লইয়া যাওয়ার কাহিনী সম্প্রতি এক অভিযোগে বর্ণিত হইয়াছে। প্রকাশ যে, গত ২৩শে অক্টোবর সন্ধ্যার পরে সুতাপুর লোহার পুলের কাছে অবস্থিত বলরাম পালের মিঠায়ের দোকানে ঐ অঞ্চলের কয়েকজন মুসলমান উপস্থিত হইয়া "বিজয়া দশমীর লাড্ডু" খাইবার দাবী জানায়। বলরাম বলে যে, এখন খরিদ্দার লইয়া ব্যস্ত আছি, তোমরা পরদিন আসিও তাহাতে কয়েকজন মুসলমান জোর করিয়া প্রায় ৪.৫ সের লাড্ডুপূর্ণ একটী বড় থালা লইয়া যায় এবং কিছুক্ষণ পরে খালি থালাটা একটী মুসলমান বালক দ্বারা দোকানে ফেরৎ পাঠায়। তখন দোকানদার বালকটিকে থালা সমেত লইয়া সুতাপুর থানায় যায়। পুলীশ এই সম্পর্কে কয়েকজন মুসলমানকে গ্রেপ্তার করিয়াছে।

---

## শিক্ষানবীশ গ্রহণ পরীক্ষা

বাঙ্গলার সরকারী প্রচার বিভাগের ডিরেক্টার জানাইতেছেন;—যাহারা শিক্ষানবীশ গ্রহণের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে, শিক্ষানবীশ গ্রহণ সম্পর্কে কোনও কোনও সুপ্রতিষ্ঠিত কারখানা কেবলমাত্র তাহাদের আবেদনই গ্রহণ করিয়া থাকে। যাহারা উক্ত পরীক্ষা প্রদান করিতে ইচ্ছুক আগামী ২৪শে নভেম্বর পর্য্যন্ত কলিকাতা ১১০নং সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় রোডে, শিক্ষানবীশ ট্রেণিং বোর্ডের সেক্রেটারীর অফিসে নির্দ্দিষ্ট ফর্ম্মে লিখিত তাহাদের আবেদনপত্র গৃহীত হইবে। শিক্ষানবিশী ট্রেণিং বোর্ডের সেক্রেটারীর নিকটে আবেদন করিলে এতৎ সম্পর্কিত নিয়মাবলী ও ফর্ম্ম পাওয়া যাইতে পারে। আগামী ১১ই ডিসেম্বর হইতে ১৫ই ডিসেম্বর পর্য্যন্ত উক্ত পরীক্ষা হইবে।

---

## পাট চাষ

পাটের দাম বাড়িয়া যাওয়ায় চাষীরা কিছু টাকা দেখিতে পাইতেছে। যাহারা পাট বেশী বুনিয়াছিল তাহারা বেশ কিছু টাকা পাইয়াছে। যাহারা পাট কম বুনিয়াছিল তাহারা আক্ষেপ করিতেছে। ইহার ফলে যদি আগামী বৎসর চাষীরা প্রত্যেকেই বেশী পাট বুনিয়া অধিক লাভের লোভ করে তাহা হইলে আবার তাহাদিগকে পস্তাইতে হইবে। কম চাষ করিয়াই যদি বেশী দাম পাওয়া যায় অনর্থক বেশী বুনিয়া দাম কমাইয়া পণ্ডশ্রম করা যুক্তিযুক্ত নহে। গ্রামের মাতব্বর ব্যক্তিগণ চাষীকে এ কথা ভাল করিয়া বুঝাইয়া দিলে চাষীদের ঘরে অর্থের অভাব হইবে না।

---


## কুকুরের মূল্য

পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র কুকুর মেক্সিকো দেশে পাওয়া যায়। উহাদের প্রৌঢ় কুকুর একটী বড় ইন্দুরের আকারের হয়। উহার প্রত্যেকটির মূল্য ৭ শত টাকা।

---

# তারা বার্লী

আমাদের বিশেষত্ব ==




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি, পি, বসু মহাশয়ের চাক্ষুস ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ
তারা ভিটাফুড ফ্যাক্টরী
পোঃ বাগবাজার কলিকাতা

ENG BY D. P. NATH & BROS. 2 BOWBAZAR ST.



## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




### সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, নালীঘা, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৵০। ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন :—ভাইট্যালী—( বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৵০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৵০

প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা



## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৴০ কমিশন বাদ।

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।





শুভ-উদ্বোধন—সহৃদয় গ্রাহকবর্গের শুভেচ্ছায় ও সুবিধার্থে বর্ত্তমান জবাকুসুম কার্য্যালয় শীঘ্রই চিত্তরঞ্জন এভিনিউস্থ নবনির্ম্মিত সুরম্যসৌধ "জবাকুসুম হাউসে" স্থাপিত হইবে। সি, কে, সেন এণ্ড কোং লিঃ
কলিকাতা




# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম, এ, এফ সি এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক



ব্রাঞ্চ:—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনশুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট (ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *

লণ্ডন এজেন্সি—হাই-হলবরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲

শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲